

বাংলাদেশে বিশ্ব ব্যাংকের নতুন কান্ট্রি ডিরেক্টর হিসেবে জু শিয়েন দায়িত্ব গ্রহণ করেছেন

ঢাকা, ৫ই ফেব্রুয়ারী ২০০৭: মি. জু শিয়েন আজ বাংলাদেশে বিশ্ব ব্যাংকের নতুন কান্ট্রি ডিরেক্টর হিসেবে তার দায়িত্ব গ্রহণ করেছেন।

চীনা নাগরিক ৫২ বছর বয়সী মি. জু ২০০২ সালে বিশ্ব ব্যাংকে যোগদান করেন। ইতোপূর্বে মি. জু একজন সরকারী কর্মকর্তা হিসেবে চীনের অর্থ মন্ত্রণালয়ে বিভিন্ন উচ্চ পদে দীর্ঘ ১৫ বছর কর্মরত ছিলেন। উপরন্তু, তিনি চীনের বাজারমুখী অর্থনৈতিক সংস্কার এবং দারিদ্র্য দূরীকরণের প্রচেষ্টার সাথে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি সেইসাথে চীনে বিশ্ব ব্যাংকের ৩ বিলিয়ন ইউ এস ডলার অর্জনের প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

মি. জু ১৯৯৯ সালে বিশ্ব ব্যাংকে চীনের কার্যনির্বাহী পরিচালক হিসেবে যোগদান করেন এবং তিনি ২০০১ সালে এশিয়ান উন্নয়ন ব্যাংকে যোগদানের পূর্ব পর্যন্ত বিশ্ব ব্যাংকের বোর্ডে কর্মরত ছিলেন। এশিয়ান উন্নয়ন ব্যাংকে তিনি কো-ফিনেন্সিং বিভাগের প্রধান পরিচালক ছিলেন।

অতি সম্প্রতি মি. জু পাপুয়া নিউ গিনি এবং পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের কান্ট্রি ডিরেক্টর হিসেবে কর্মরত ছিলেন।

মি. জু বাংলাদেশের ভবিষ্যত নিয়ে তার প্রত্যাশা এবং নতুন দায়িত্ব সম্পর্কে উৎসাহ প্রকাশ করে বলেন, “ গত ডিসেম্বর মাসে বাংলাদেশে প্রাক-নিয়োগ কালীন মিশনে এসে আমি বাংলাদেশী জনগণের উদ্যম লক্ষ্য করেছি। এটি সত্যিকার অর্থেই আমাকে উদ্দীপ্ত করেছে। বাংলাদেশের সাম্প্রতিক সমস্টিক অর্থনৈতিক এবং নীতিগত সংস্কার টেকসই প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে দৃশ্যমান ইতিবাচক ফলাফল বয়ে আনছে। সেক্ষেত্রে সংস্কারের এই গতি অব্যাহত রাখা, রাষ্ট্র ও এর প্রতিষ্ঠানসমূহ শক্তিশালীকরণ এবং দারিদ্র্য দূরীকরণের জন্য প্রবৃদ্ধি অর্জনের অন্তরায়সমূহ অপসারণই প্রধান চাবিকাঠি হিসেবে কাজ করবে। ”

মি. জু চীন এবং যুক্তরাষ্ট্রে সমাজ বিজ্ঞান ও অর্থনীতি বিষয়ে শিক্ষালাভ করেছেন। তিনি বিবাহিত এবং চার বছর বয়সী এক পুত্র সন্তানের জনক।